

## কবর সম্পর্কিত বিভিন্ন হাদীস সমূহ

“ আমি ও তোমাদের দৃষ্টান্ত হচ্ছে এমন এক ব্যক্তির মতো যে আলোর জন্য আগুন জ্বালালো কিন্তু পতঙ্গরা তার উপর ঝাপিয়ে পড়তে শুরু করলো পুড়ে মরার জন্য। সে এদেরকে কোনক্রমে আগুন থেকে বাঁচবার চেষ্টা করে কিন্তু এ পতঙ্গরা তার কোন প্রচেষ্টাকেই ফলবতী করতে দেয় না। আমার অবস্থাও অনুরূপ। আমি তোমাদের হাত ধরে টান দিচ্ছি কিন্তু তোমরা আগুনে লাফিয়ে পড়ছো।

(বুখারী ও মুসলিম)

কবর ঘিয়ারতকারী নারী ও কবরের উপর মসজিদ নির্মাণকারীদের এবং কবরে যারা বাতি জ্বালায় তাদের প্রতি আল্লাহ লানত বর্ষণ করেছেন।

(মুসনদে আহমদ, তিরমিযী আবু দাউদ, নাসাঈ ইবনে মাজাহ)

সাবধান হয়ে যাও তোমাদের পূর্ববর্তী লোকেরা নবীদের কবরকে ইবাদতখানা বানিয়ে নিত। আমি তোমাদের এ ধরনের কাজ থেকে নিষেধ করছি।

আল্লাহ ইল্হদী খ্রিষ্টানদের প্রতি লানত বর্ষণ করেছেন। তারা নিজেদের নবীদের কবরগুলোকে ইবাদতখানায় পরিণত করেছে।

(আহমদ , বুখারী , মুসলিম , নাসাঈ)

এদের অবস্থা এ ছিল যে , যদি এদের মধ্যে কোন সৎ লোক থাকতো তাহলে তার মৃত্যুর পর এরা তার কবরের উপর মসজিদ নির্মাণ করতো এবং ছবি তৈরী করতো। এরা কেয়ামতের দিন নিকৃষ্ট সৃষ্টি হবে।

(আহমদ, বুখারী, মুসলিম , নাসাঈ)

.....